

“করোনা ভাইরাস মোকাবেলায় আমরা সবাই ঘরে থাকি”

শহীদ এ.এইচ.এম.কামারুজ্জামান সরকারি ডিগ্রি কলেজ, রাজশাহী।

একাদশ শ্রেণির ক্লাস টেস্ট/টিউটোরিয়াল পরীক্ষা-০৩

বিষয়: পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

অধ্যায়: ৭ম, সরকার কাঠামো

মোছাম্মৎ লায়লাতুন নাহার  
প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান  
মোবাইল নং: ০১৭১৬৩৮৫৯১৫

সময়: ৪০ মিনিট

পূর্ণমান: ২০

বহুনির্বাচনি প্রশ্ন

১০

১। আইন বিভাগের মূল কাজ কী ?

(ক) আইন প্রণয়ন

(খ) আইন প্রয়োগ

(গ) আইনের আলোকে বিচার করা

(ঘ) বিদেশের সাথে সম্পর্ক রক্ষা

২। বাংলাদেশের আইনসভার নাম কী?

(ক) পার্লামেন্ট

(খ) বিধানসভা

(গ) জাতীয় সংসদ

(ঘ) মজলিস

৩। বাংলাদেশের আইনসভা কত কক্ষবিশিষ্ট?

(ক) এক কক্ষবিশিষ্ট

(খ) দুই কক্ষবিশিষ্ট

(গ) তিন কক্ষবিশিষ্ট

(ঘ) চার কক্ষবিশিষ্ট

৪। বাংলাদেশে বাজেট পাস বা অনুমোদন করে সরকারের কোন বিভাগ?

(ক) শাসন বিভাগ

(খ) আইন বিভাগ

(গ) বিচার বিভাগ

(ঘ) উচ্চ আদালত

৫। শাসন বিভাগের মূল কাজ হলো -

(ক) আইন প্রণয়ন

(খ) আইন প্রয়োগ

(গ) আইন সংশোধন

(ঘ) বিচার করা

৬। ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতির শ্রেষ্ঠ প্রবক্তা কাঁকে বলা হয়?

(ক) এরিস্টটল

(খ) জন লক

(গ) জ্যাঁ বোঁদা

(ঘ) মন্টেস্কু

৭। বাংলাদেশে নির্বাহী বিভাগের সদস্য কে?

(ক) প্রধান বিচারপতি

(খ) সংসদ সদস্য

(গ) প্রধানমন্ত্রী

(ঘ) স্পিকার

৮। শাসন বিভাগের কাজ হলো -

i . প্রতিরক্ষা ব্যবস্থা পরিচালনা

ii . স্বরাষ্ট্র বিষয় দেখাশুনা

iii . অপরাধীকে দণ্ড বা শাস্তি প্রদান

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii

(খ) ii ও iii

(গ) i ও iii

(ঘ) i , ii ও iii

৯। সরকারের যে বিভাগটি আইন বিভাগ প্রণীত আইনকে বাস্তবায়ন করে তাকে কী বলে?

(ক) আইন বিভাগ

(খ) শাসন বিভাগ

(গ) বিচার বিভাগ

(ঘ) সামরিক বিভাগ

১০। জরুরী অবস্থা ঘোষণা কোন বিভাগের কাজ?

(ক) শাসন

(খ) বিচার

(গ) সামরিক বাহিনীর

(ঘ) আইন

উদ্দীপকটি মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

স্বপন ও তপন সরকারের বিভিন্ন বিভাগ নিয়ে আলোচনা করছিল। স্বপন বলল, “আইনসভা আইন প্রণয়ন করলেও তা বাস্তবায়ন করে অন্য এক বিভাগ।” বিভাগটি অন্য দুটি বিভাগ হতে বেশি গুরুত্বপূর্ণ। সরকার বলতে আমরা সাধারণত উক্ত বিভাগকেই বুঝে থাকি।

প্রশ্ন:

- ১। সরকারের অংগ কয়টি ও কী কী? ১
- ২। বিচার বিভাগের স্বাধীনতা বলতে কী বোঝায়? ২
- ৩। উদ্দীপকে স্বপনের বক্তব্যে যে বিভাগের ইংগিত আছে সে সম্পর্কে আলোচনা কর। ৩
- ৪। তুমি কি মনে কর উক্ত বিভাগের কাজ দিন দিন বৃদ্ধি পাচ্ছে? মূল্যায়ন কর। ৪

বি.দ্র:

শিক্ষার্থীরা Home Work সম্পন্ন করে মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষকের ই-মেইল আইডিতে প্রেরণ করতে পারবে অথবা কলেজ খোলার পর সংশ্লিষ্ট শিক্ষককে জমা দিবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগে একাদশ শ্রেণির সকল শিক্ষার্থী নিয়মিত website ([www.skcr.edu.bd](http://www.skcr.edu.bd)) এ যুক্ত থাকবে।

ভালমতো অধ্যায়টি পড়ে সততার সাথে পরীক্ষার খাতার ছবি উঠিয়ে আমার ই-মেইল আইডি – [mosammatlailatunnahar@gmail.com](mailto:mosammatlailatunnahar@gmail.com) তে প্রেরণ কর ৩ দিনের মধ্যে।

দৃষ্টি আকর্ষণ: সংশ্লিষ্ট অভিভাবক

(আপনার সন্তান নিয়মিত অনুশীলন করছে কিনা তা দেখার অনুরোধসহ)